

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে আজ শনিবার (১৪ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে শ্রদ্ধা নিবেদন ও সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এদিন সকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর নেতৃত্বে অনুষ্ঠানমালায় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশ নেয়।

শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, মহান বুদ্ধিজীবী দিবসের প্রথম প্রহরে শ্রদ্ধার সাথে স্মরণ করছি ১৯৭১ সালের আজকের এই দিনে যাঁরা শহীদ হয়েছেন তাঁদেরকে। রাতের আঁধারে যাঁদেরকে তুলে নিয়ে শহীদ করেছে পাকিস্তানী হানাদার বাহিনী তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি। এই শহীদদের বিনিময়ে আমরা একটি স্বাধীন বাংলাদেশ পেয়েছি।

এসময় তিনি আরও বলেন, যখন কোনো একটা জাতির শ্রেষ্ঠ সন্তানদেরকে হত্যা করা হয় সেটা ওই জাতির জন্য সবচেয়ে বেশী কষ্টের। শিক্ষকরা, বুদ্ধিজীবীরা জাতি বিনির্মাণে সবচেয়ে বেশী অবদান রাখেন। আমি আশা করি জাতির শ্রেষ্ঠ সন্তানরাই আবার নতুন এই দেশকে নেতৃত্ব দিবে এবং শিক্ষক থেকে শুরু করে বুদ্ধিজীবী যাঁরা আছেন তাঁদের জ্ঞানগর্ভ মতামত এবং মেধা-মনন দিয়ে দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাবে।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম এবং রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়ার আয়োজন করা হয়।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪